

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র পরিদপ্তর  
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং- ২৪.০২.০০০০.০০৭.০৩.০১১.১৭.২৩৬

তারিখ: ২৩ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ  
০৭ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়: বস্ত্র পরিদপ্তরের সাথে অধীনস্থ মাঠ পর্যায়ের কার্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নভেম্বর, ২০১৭ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোহাম্মদ ইসমাইল  
পরিচালক, বস্ত্র পরিদপ্তর, ঢাকা  
সভার স্থান : বস্ত্র পরিদপ্তরের সভাকক্ষ  
তারিখ : ০৩.১২.২০১৭ খ্রি:  
সময় : বিকাল ০৩:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত অধ্যক্ষ/উপ-পরিচালকগণের হাজিরা বিবরণী পরিশিষ্ট-‘ক’

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভা আহ্বানের উদ্দেশ্য সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করেন এবং ফোকাল পয়েন্ট’কে বিষয়টি বিস্তারিত উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করেন।

বস্ত্র পরিদপ্তরের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নীতিমালা এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এপিএ বিষয়ক সভার সিদ্ধান্ত অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক, অর্ধবার্ষিক ও বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন (যথাযথ প্রমাণকসহ) নির্ধারিত তারিখের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে সজাগ থাকার জন্য সকলকে তিনি অনুরোধ করেন এবং মন্ত্রণালয় নির্ধারিত তারিখের পূর্বেই মাঠ পর্যায়ের কার্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে অগ্রগতির প্রতিবেদনসমূহ প্রধান কার্যালয় বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করেন।

সভাপতি সভায় মতামত প্রকাশ করেন, ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত কর্মসম্পাদন সূচকসমূহ অর্জনের লক্ষ্যে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান/কার্যালয়সমূহের সে কর্মপরিকল্পনা অনুসারে লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠান/কার্যালয়সমূহ সচেষ্ট থাকবে।


সভায় সভাপতির অনুমতিক্রমে বস্ত্র পরিদপ্তরের এপিএ কমিটির ফোকাল পয়েন্ট উপস্থিত সকলকে জানান যে, বস্ত্র পরিদপ্তরের সাথে অধীনস্থ মাঠ পর্যায়ের কার্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক, অর্ধবার্ষিক ও বার্ষিক মূল্যায়ন প্রতিবেদনসমূহ নিকস ফন্ট ও নির্ধারিত ছকে প্রেরণ করতে হবে।

২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নভেম্বর/১৭ মাস পর্যন্ত অর্থাৎ ৫ মাসের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। এর প্রেক্ষিতে ৬টি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ৫টি টেক্সটাইল ইনস্টিটিউট এবং ৪টি বিভাগীয় বস্ত্র পরিদপ্তরের কর্মকর্তাগণ প্রতিষ্ঠানের ৫ মাসের অগ্রগতি উপস্থাপন করেন। সভাপতি মহোদয় প্রতিষ্ঠানসমূহের ৫ মাসের অগ্রগতি দেখে তাদেরকে আরো আন্তরিকতার সাথে কাজ করার ও ১০০% নম্বর অর্জন করার বিষয়ে সচেষ্ট হওয়ার অনুরোধ জানান।

সিদ্ধান্ত:

১. ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য়, ৩য় ও ৪র্থ ত্রৈমাসিক এবং ১ম ও ২য় অর্ধবার্ষিক প্রতিবেদন যথাসময়ে ই-মেইলে এবং হার্ডকপি জরুরী ভাবে প্রেরণ করতে হবে।
২. ২য় ত্রৈমাসিক(অক্টোবর/১৭ হতে ডিসেম্বর/১৭) এবং ১ম অর্ধবার্ষিক(জুলাই/১৭ হতে ডিসেম্বর/১৭) প্রতিবেদন আগামী ০৩.০১.২০১৮ তারিখের মধ্যে দাখিল করতে হবে।
৩. এপিএ এবং জাতীয় শুদ্ধাচার কমিটির মিটিং একই দিনে করতে হবে।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোহাম্মদ ইসমাঈল)  
পরিচালক  
বন্দ্র পরিদপ্তর, ঢাকা  
ফোন-৯১৩৮৬৬১।

সচিব  
বন্দ্র ও পাট মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব (বাজেট)।

## সংযুক্তি

ক্র: নং	কর্মকর্তা/ফোকাল পয়েন্টগণ	মন্তব্য
১	উপ-পরিচালক, প্রশাসন/রপ্তানী/এমআই/পরিকল্পনা, বস্ত্র পরিদপ্তর, ঢাকা	স্বাক্ষরিত
২	জাতীয় শুদ্ধাচার কমিটি, বস্ত্র পরিদপ্তর, ঢাকা	স্বাক্ষরিত
৩	ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র পরিদপ্তর, ঢাকা	স্বাক্ষরিত
৪	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, চট্টগ্রাম	স্বাক্ষরিত
৫	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পাবনা	স্বাক্ষরিত
৬	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, নোয়াখালী	স্বাক্ষরিত
৭	শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল	স্বাক্ষরিত
৮	বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল	স্বাক্ষরিত
৯	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ঝিনাইদহ	স্বাক্ষরিত
১০	টেক্সটাইল ইনস্টিটিউট, টাংগাইল	স্বাক্ষরিত
১১	টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর	স্বাক্ষরিত
১২	টেক্সটাইল ইনস্টিটিউট, চট্টগ্রাম	স্বাক্ষরিত
১৩	টেক্সটাইল ইনস্টিটিউট, রংপুর	স্বাক্ষরিত
১৪	টেক্সটাইল ইনস্টিটিউট, নাটোর	স্বাক্ষরিত
১৫	বিভাগীয় বস্ত্র পরিদপ্তর, ঢাকা	স্বাক্ষরিত
১৬	বিভাগীয় বস্ত্র পরিদপ্তর, চট্টগ্রাম	স্বাক্ষরিত
১৭	বিভাগীয় বস্ত্র পরিদপ্তর, খুলনা	স্বাক্ষরিত
১৮	বিভাগীয় বস্ত্র পরিদপ্তর, রাজশাহী	স্বাক্ষরিত